

November 16, 2020

প্রিয় পরিবারবর্গ,

COVID-19 সংক্রমণ রোধে নিউ ইয়র্ক সিটির চলমান প্রচেষ্টার অংশ হিসেবে, এবং আমাদের কমিউনিটির স্বাস্থ্য ও সুরক্ষা নিশ্চিত করতে, এখন থেকে শিক্ষা বছরের শেষ পর্যন্ত প্রতি মাসে একবার আমাদের স্কুলে স্টাফ ও শিক্ষার্থীদের COVID-19 পরীক্ষা বা টেস্টিং করা হবে। আমাদের অবগত করা হয়েছে যে পরীক্ষা প্রদানকারী আগামী সপ্তাহে আমাদের স্কুলে আসবে। অনুগ্রহ করে লক্ষ্য করুন, নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলের 1-12 গ্রেডের শিক্ষার্থীরা পরীক্ষণ বা টেস্টিংয়ের জন্য যোগ্য।

29 সেপ্টেম্বর, 2020 তারিখে NYC স্কুল চ্যান্সেলর রিচার্ড কারানজা (Richard Carranza), নিউ ইয়র্ক সিটির টেস্ট + ট্রেইস কর্পস্-এর এক্সিকিউটিভ ডিরেক্টর টেড লং (Ted Long), এবং NYC ডিপার্টমেন্ট অভ হেলথ্ অ্যান্ড মেন্টাল হাইজিন-এর কমিশনার ডব্লিউ ডেভ চোকশি (Dave Chokshi)-এর সহ-স্বাক্ষরিত চিঠিতে উল্লেখিত হয়েছে যে, পরীক্ষাটি সহজ, দ্রুত, এবং নিরাপদ। একটি "ছোট সোয়াব" (কিউ-টিপ/Q-tip -এর মত দেখতে) ব্যবহার করা হবে, যা নাকের সম্মুখ অংশে পাঁচ থেকে দশ সেকেন্ডের জন্য প্রবেশ করানো হবে। এই স্কুল বছরের পরবর্তী এক সময়, অল্প পরিমাণ মুখের লালসা সংগ্রহ করে পরীক্ষা করা সম্ভব হতে পারে।

শুধুমাত্র যেসব শিক্ষার্থী ও স্কুল-ভিত্তিক কর্মী সদস্য সম্মতি ফর্মে স্বাক্ষর করেছে এবং জমা দিয়েছে, তারা পরীক্ষার জন্য যোগ্য (schools.nyc.gov/covidtesting)। প্রক্রিয়াটি চলাকালে যদি আপনার সন্তান অস্বস্তি অথবা উদ্বেগ বোধ করে তাহলে তাকে পরীক্ষা করা হবে না। যদি তা ঘটে, তাহলে ভবিষ্যৎ পরীক্ষণ বা টেস্টিংয়ে অংশগ্রহণ করতে আপনার সন্তানের অংশগ্রহণে অস্বস্তি দূর করতে যেকোনো সম্ভাব্য উদ্বিগ্ন নিরসনে আমরা আপনার সাথে কাজ করবো।

যদি আপনার সন্তানকে স্কুলে পরীক্ষা বা টেস্ট করা হয়ে থাকে, কখন ও কীভাবে আপনি ফলাফল পাবেন, এবং পরীক্ষণ বা টেস্টিং প্রক্রিয়া সম্পর্কিত তথ্য আপনার সন্তানের সাথে বাড়িতে পাঠানো হবে। বেশীরভাগ পরীক্ষার ফলাফলসমূহ 48 ঘন্টার মধ্যে পাওয়া যাবে। যদি আপনার সন্তান COVID-19 পরীক্ষার ফলাফল পজিটিভ হয়, তাহলে পরীক্ষা প্রদানকারী আপনাকে ফোন কলের মাধ্যমে অবহিত করবেন, এবং NYC টেস্ট অ্যান্ড ট্রেইস কর্পস্ আপনার পরিবারকে সংস্থান বা রিসোর্স ও সহায়তা প্রদানের জন্য ফোন করবে।

যদি স্কুল কমিউনিটির কোনো সদস্যের পরীক্ষার ফলাফল পজিটিভ আসে, তাহলে আমাদের স্কুল কমিউনিটি (schools.nyc.gov/RTShealthsafety) ওয়েবসাইটের হেলথ্ অ্যান্ড সেফটি (স্বাস্থ্য এবং সুরক্ষা) সেকশনে দেয়া পথনির্দেশনা অব্যাহতভাবে অনুসরণ করবে।

আমাদের স্কুল কমিউনিটিকে নিরাপদ ও সুস্থ রাখতে আপনার অংশীদারিত্ব ও অঙ্গীকারের প্রতি আমরা গভীরভাবে কৃতজ্ঞ।

বিনীত,

Peter Leddy